



ঢাকা কমার্স কলেজ



(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত)

College Code: 1375 (DB), 6438 (NU), EIIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 48033903, 48036942, 48037357

Webmail: dcc1989@dcc.edu.bd, Website: www.dcc.edu.bd

স্মারক নং- ঢাকক:

তারিখ: ২৬.০১.২০২২

বিজ্ঞপ্তি

২০২০-২১ ও ২০১৯-২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম ও ২য় বর্ষের এবং ২০১৯-২০ শিক্ষাবর্ষের এমবিএ শ্রেণির সকল শিক্ষার্থীকে জানানো যাচ্ছে যে, ২৯ জানুয়ারি ২০২২ থেকে জুম অ্যাপ এর মাধ্যমে তাদের অনলাইন ক্লাস অনুষ্ঠিত হবে। কলেজ ওয়েবসাইটের নোটিশ ও ক্লাসরুম ফেইসবুক পেইজে (Dhaka Commerce College Class Room) এবং স্ব স্ব বিভাগের শিক্ষাবর্ষভিত্তিক ফেসবুক গ্রুপে ক্লাস রুটিন এবং স্ব স্ব বিভাগের শিক্ষাবর্ষভিত্তিক ফেসবুক গ্রুপে শিক্ষকের আইডি এবং পাসকোড প্রদান করা হয়েছে। সকলকে নিরাপদে ঘরে থেকে নিয়মিত অনলাইন ক্লাসে অংশগ্রহণ করতে নির্দেশ দেয়া যাচ্ছে। এছাড়া অনলাইন ক্লাস সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা সকল শিক্ষার্থীকে অবশ্যই মানতে হবে।

শিক্ষার্থীদের উদ্দেশে অনলাইন ক্লাস নির্দেশনা

১. ক্লাসে অংশগ্রহণের জন্য শিক্ষার্থীর আইডি নাম ও ক্লাস রোল নম্বর অবশ্যই থাকতে হবে। নতুবা ক্লাস থেকে রিমোভ/বাদ করা হবে। প্রবেশের পর 'রিনেইম' করা যাবে না।
২. শিক্ষকের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীকে মাইক্রোফোন/মাউথ স্পিকার মিউট/অফ রাখতে হবে।
৩. শিক্ষার্থীকে পূর্ণসময় ভিডিও অন রাখতে হবে।
৪. শিক্ষার্থী কোনো চ্যাট বা শেয়ার করতে পারবে না।
৫. শিক্ষার্থীকে ক্লাস চলাকালীন তার সামনে বই, খাতা, কলম, পেন্সিল, ক্যালকুলেটর, আইডি কার্ডসহ শিক্ষাসামগ্রী রাখতে হবে। (প্রয়োজনে শিক্ষককে আইডি কার্ড দেখাতে হবে)।
৬. শিক্ষার্থীর পোশাক ও সাজসজ্জায় শালীনতা থাকতে হবে।
৭. শিক্ষার্থীর আচার-আচরণে হতে হবে বিনয়ী।
৮. অনলাইন ক্লাসের বিপক্ষে বা কোনো শিক্ষক-শিক্ষার্থীর সম্মান ক্ষুন্ন করে সামাজিক মাধ্যমে কোনো পোস্ট দেয়া যাবে না এবং এরূপ ঘটনা সাইবার ক্রাইম হিসেবে গণ্য হবে।
৯. ক্লাসে যথাসময়ে প্রবেশ এবং পূর্ণ সময় উপস্থিত থাকতে হবে।
১০. প্রতিদিনের পাঠ ও হোমওয়ার্ক প্রতিদিন সম্পন্ন করতে হবে।
১১. অন্য বিভাগ/ বর্ষের ক্লাসে প্রবেশ করা যাবে না।
১২. শিক্ষকের আইডি ও পাসওয়ার্ড অন্য কাউকে দেয়া চরম শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য হবে।
১৩. সংশ্লিষ্ট শিক্ষকের নির্দেশনা অবশ্যই মানতে হবে।
১৪. বিশেষ প্রয়োজনে ক্যাপ্টেনের মাধ্যমে চেয়ারম্যানের সাথে যোগাযোগ করা যাবে।
১৫. কলেজ ওয়েবসাইটের নোটিশ, ফেইসবুক পেইজ, ক্লাসরুম পেইজ, স্ব স্ব বিভাগের ফেসবুক গ্রুপ ও মোবাইল এসএমএস শিক্ষার্থীকে অবশ্যই প্রত্যহ দেখতে হবে।
১৬. শিক্ষকের প্রযুক্তিগত সমস্যার জন্য উক্ত দিবসেই বিকাল ৩টায় মেকআপ-ক্লাস হবে যা শিক্ষক বিভাগের গ্রুপে আগেই জানিয়ে দিবেন।
১৭. ক্লাশে বিশৃঙ্খলাকারী বা বহিরাগতদের বিষয়ে অন্যান্য শিক্ষার্থীদের সদা সচেতন থাকতে হবে এবং শিক্ষক ও চেয়ারম্যানকে তথ্যাদি দিয়ে সুষ্ঠু ক্লাস সম্পাদনে সহযোগিতা করবে।

অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ